গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৪৩.২১

তারিখ-২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০৪৯/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব কনকচাঁপা, পিতা- মোঃ কালাম মন্ডল, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা) এর বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এর ২২/০৯/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৫৯.২১-৩০০ নং স্মারকে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি ডাঃ মোঃ জামাল হোসেন (১৩৪১৬৩), মেডিকেল অফিসার (সাময়িক বরখাস্ত), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ব্রাহ্মণবাড়ীয়ার সাথে বিবাহবহির্ভূত অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়েন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য প্রমাণিত হয় মর্মে উল্লেখ করা হয়;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি জনাব কনকচাঁপা, পিতা- মোঃ কালাম মন্ডল, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা)কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

প্রাপকঃ কনকচাঁপা
মিডওয়াইফ

বর্তমান ঠিকানা
কনকচাঁপা
পিতা- মোঃ কালাম মন্ডল
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী

স্থায়ী ঠিকানা
কনকচাঁপা
পিতা- মোঃ কালাম মন্ডল
গ্রামঃ রাঙ্গালঘাট, ইউনিয়নঃ ইসবপুর
উপজেলাঃ ধামুইরহাট, জেলাঃ নওগাঁ।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৪৩.২১.৪৭১/২(২০)

তারিখ ২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।

৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা।

৫। উপপরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৬। জেলা পাবলিক হেলথ নার্স, নোয়াখালী।

৭। জেলা পাবলিক হেলথ নার্স, কুমিল্লা।

৮। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।

৯। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা।

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/১১/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

কনকচাঁপা, পিতা- মোঃ কালাম মন্ডল, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী তার পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লায় কর্মরত অবস্থায় ডাঃ মোঃ জামাল হোসেন (১৩৪১৬৩), মেডিকেল অফিসার (সাময়িক বরখাস্ত), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ব্রাহ্মণবাড়ীয়ার সাথে বিবাহবহির্ভূত অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়েন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯১.২১.৪৭৬ তারিখঃ ২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু আপনি জনাব ইমরুল হাসান, পিতাঃ আব্দুল খালেক, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দ্বীপ, চট্টগ্রাম এ কর্মরত আছেন। আপনার সাবেক কর্মস্থল ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, টাঙ্গাইলে কর্মরত সময়ে করোনাকালীন পরিস্থিতে আপনার ফেসবুক আইডিতে অত্যন্ত অশ্লীল শব্দ চয়ন করে সরকারকে বিদ্রুপ/ব্যাঙ্গ করে স্ট্যাটাস প্রদান করেন;

২। যেহেতু, আপনি করোনাভাইরাস মোকাবেলায় সরকারের আন্তরিকতাকে অত্যন্ত অশ্লীল ভাষায় বিদ্রূপ করেছেন এবং আপনি একজন সরকারি কর্মকর্তা হয়ে সরকারি কর্মকান্ডকে বিদ্রুপ করেছেন ও হেয় করে বক্তব্য দিয়েছেন;

৩। যেহেতু, আপনার ফেসবুক আইডিতে পোষ্টকৃত স্ট্যাটাস এর প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের গত ০৭/০৪/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯১.২০.২১৩ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়;

৪। যেহেতু, আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব গত ১০/০৪/২০২১খ্রিঃ তারিখের প্রদান করেন এবং আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়াতে আপনার বিরুদ্ধে গত ২১/০৪/২০২১ খ্রিঃ তারিখে ০২১/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

৫। যেহেতু, আপনি বিভাগীয় মামলার জবাব গত ০৩/০৫/২০২১খ্রঃ তারিখ দাখিল করেন এবং গত ২৫/১০/২০২১ খ্রিঃ তারিখ আপনার ব্যক্তিগত শুনানি গ্রহন করা হয়;

৬। যেহেতু, ব্যক্তিগত শুনানিতে আপনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনাপূর্বক ভবিষ্যতে আপনার এবং আপনার পরিবারের কারো দ্বারা কোনরকম রাষ্ট্র বিরোধী ও সরকার বিরোধী কর্মকান্ড হবেনা মর্মে অঙ্গীকার করেন;

৭। যেহেতু, আপনার নিকট হতে এহেন আচরণ কোনভাবেই কাম্য নয়। আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-২৩ অনুযায়ী সরকারের সমালোচনার অন্তর্ভুক্ত এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত শিষ্টাচার বহির্ভূত আচরণ। এছাড়া সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ অনুসরণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখার ০৭/০৫/২০২০ খ্রিঃ তারিখের ১৩৬ নং স্মারক বর্ণিত পরিপত্রের অনুচ্ছেদ-২ এর একাধিক নির্দেশনা আপনি ভঙ্গ করেছেন। যা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)(ই) বিধি মতে অসদাচরণের সামিল। একই বিধিমালার ৩(খ) বিধি মতে নিঃসন্দেহে আপনি অসদাচরণের দায়ে দোষী;

৮। সেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায়, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(১)(ক) ও ৪(২)(খ) বিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৪ (চার) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে আপনি বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবেনা।


সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯১.২১. ৪৭৬/১(১১) তারিখঃ২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, টাঙ্গাইল।

৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চট্টগ্রাম।

৫। সিভিল সার্জন, চট্টগ্রাম।

৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দ্বীপ, চট্টগ্রাম।

৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, চট্টগ্রাম।

৮। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।

৯। জনাব ইমরুল হাসান, পিতাঃ আব্দুল খালেক, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দ্বীপ, চট্টগ্রাম (সাবেক কর্মস্থলঃ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, টাঙ্গাইল)।

১০। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

১১। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/১১/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর